


## ▪ পল্লী প্রশাসন ও স্থানীয় সরকার বিভাগ

পল্লী উন্নয়ন ও স্থানীয় সরকার বিভাগ বোর্ড-এর অন্যতম গুরুত্বপূর্ণ একাডেমিক বিভাগ। পল্লী উন্নয়নে স্থানীয় সরকারকে কার্যকরভাবে সম্পৃক্তকরণ এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে উত্তরোত্তর শক্তিশালীকরণে এ বিভাগ কাডেমির সূচনালব্ধ থেকে অবদান রেখে আসছে। এ বিভাগের গুরুত্বপূর্ণ কাজসমূহ হল:

- গ্রামীণ প্রশাসন ও স্থানীয় সরকার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক পরিচালনা করা;
- সরকারি এবং অন্যান্য সংস্থাকে স্থানীয় সরকার ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শমূলক সেবা প্রদান করা;
- স্থানীয় সরকার বিষয়ে গবেষণারত দেশী-বিদেশী ছাত্রদের গবেষণা ও অভিসন্দর্ভ রচনার কাজে সহায়তা করা;
- স্থানীয় সরকার শক্তিশালীকরণে নীতি নির্ধারণী পর্যায়ে পলিসি সহায়তা প্রদান করা;
- বোর্ড প্রশাসনের চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রশাসনিক দায়িত্ব পালন করা।

পল্লী প্রশাসন ও স্থানীয় সরকার বিভাগের বর্তমান সাংগঠনিক কাঠামো নিম্নরূপ:



অনুষদ পর্যায়ের কর্মকর্তাগণের কর্ম তালিকা

পরিচালক

- সংশ্লিষ্ট একাডেমিক বিভাগের প্রশাসনিক কার্যাদি সম্পাদন করা;

- ভিগীয় সদস্যদের পেশাগত উৎকর্ষ সাধনে পরামর্শ প্রদান করা;
- বিভাগীয় সদস্যদের কাজের তত্ত্বাবধান ও সমন্বয় সাধন করা;
- বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার উদ্যোগ গ্রহণ করা ও বিভাগীয় সদস্যগণকে এ সকল কাজে সম্পৃক্ত করা;
- বিভাগ সংশ্লিষ্ট একাডেমিক বিভিন্ন বিষয়ে কলোকিয়াম, সেমিনার, কর্মশালা আয়োজন করা;
- নিজস্ব একাডেমিক ডিসিপ্লিনে প্রশিক্ষক ও গবেষক হিসাবে দায়িত্ব পালন;
- বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে অন্যান্য সংস্থাকে বিশেষজ্ঞ সহায়তা প্রদান;
- বিভাগের বিভিন্ন কাজের সাথে সংশ্লিষ্ট দেশী-বিদেশী বিশেষজ্ঞ ও সংস্থার সংযোগ সৃষ্টি করা;
- মহাপরিচালক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

#### যুগ্ম-পরিচালক

- ডিসিপ্লিন প্রধান হিসাবে সংশ্লিষ্ট ডিসিপ্লিনের অনুষদ সদস্যগণকে একাডেমিক গাইডেন্স প্রদান করা;
- বিভাগীয় প্রশাসনিক কাজে পরিচালককে সহায়তা প্রদান করা;
- নিজস্ব ডিসিপ্লিনে প্রশিক্ষক, গবেষক ও প্রায়োগিক গবেষক হিসেবে দায়িত্ব পালন করা;
- নিজস্ব ডিসিপ্লিনে এবং প্রশিক্ষণ বিভাগ কর্তৃক নির্দেশিত প্রশিক্ষণ কোর্স, কর্মশালা, সেমিনার ও কলোকিয়াম সংগঠন করা;
- নিজস্ব ডিসিপ্লিনে কলোকিয়াম, সেমিনার, কর্মশালার উদ্যোগ গ্রহণ করা;
- দেশী-বিদেশী প্রতিষ্ঠান, প্রফেশনাল ফোরাম, প্রশিক্ষক, গবেষক ও পেশাজীবীদের সাথে ডিসিপ্লিন ও পেশাগত উন্নয়নের স্বার্থে যোগাযোগ সৃষ্টি ও অব্যাহত রাখা;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট তথ্যাদি হালনাগাদ রাখা এবং পুস্তক, জার্নাল ও অন্যান্য রিডিং ম্যাটেরিয়াল সংগ্রহে বার্ড গ্রন্থাগারকে সহায়তা প্রদান;
- বার্ড প্রশাসন ও বিভাগীয় পরিচালক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

#### উপ-পরিচালক

- ডিসিপ্লিন প্রধানের তত্ত্বাবধানে একাডেমিক ও অন্যান্য প্রাতিষ্ঠানিক কার্যক্রমে নিয়োজিত থাকা;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করা ও গবেষণা পরিচালনা করা;
- প্রায়োগিক গবেষণা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সম্পৃক্ত হওয়া;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনার ডিজাইন ও সংগঠন করা;

- একাডেমী কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, অবহিতকরণ কর্মসূচি, কর্মশালা ও সেমিনার সংগঠন করা;
- গ্রামের আর্থ-সামাজিক অবস্থা এবং গ্রামীণ সমাজের পরিবর্তন সম্পর্কে নিজেকে হালনাগাদ রাখার জন্য নিয়মিত গ্রাম সফর করা;
- বিভাগীয় প্রধান ও বার্ড প্রশাসন কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা;

#### সহকারী পরিচালক

- ডিসিপ্লিন প্রধানের তত্ত্বাবধানে একাডেমিক ও অন্যান্য প্রতিষ্ঠানিক কার্যক্রমে নিয়োজিত থাকা;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করা ও গবেষণা পরিচালনা করা;
- প্রায়োগিক গবেষণা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সম্পৃক্ত হওয়া;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনার ডিজাইন ও সংগঠন করা;
- একাডেমী কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, অবহিতকরণ কর্মসূচি, কর্মশালা ও সেমিনার সংগঠন করা;
- গ্রামের আর্থ-সামাজিক অবস্থা এবং গ্রামীণ সমাজের পরিবর্তন সম্পর্কে নিজেকে হালনাগাদ রাখার জন্য নিয়মিত গ্রাম সফর করা;
- বিভাগীয় প্রধান ও বার্ড প্রশাসন কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা;